1911 I 1550 100 Rs.

INDIA NON JUDICIAL

১০০রু. Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

Exempted from purview of U.L. (C & R) Act as the property shown is agricultural. Verified from the true copy of Khatian Shown ... from C. A., (Present Character confirmed by declaration).

... Stamp Act 1899 ... Amendment Act XVII of 19... Schedule 1A No. ........ 23

FEES PAID

P. fee Rs 31/- in C.t.s.

A 31.50
N 1.80
33.30

Sub-Registrar of Alipore
24-Parganas

সাফ বিক্রয় কোবালা, মূল্য ৪০০০ টাকা মাত্র।

কোবালা গ্রহীতাঃ -

শ্রী দীপক কুমার মুখার্জ্জি
পিতা ৺মাখন চন্দ্র মুখার্জ্জি
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাং ২১।বি।৫, ঝিল রোড,
থানা যাদবপুর, কলিকাতা ৩১
জেলা ২৪ পরগনা।

কোবালা দাতাঃ-

১। শ্রী বিপ্লব কুমার দাস
২। শ্রী দীপক কুমার দাস
উভয়ের পিতা ৺মন মোহন চন্দ্র দাস
জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাকিন
৯৭নং সন্তোষপুর এভেনিউ, থানা
কসবা, কলিকাতা -৭৫, জেলা ২৪
পরগনা।

0000000000

কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ১৪ ছটাক - শালি জমি মায় যাবতীয় আব্রু আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি দরবস্তু হক হকুক সম্পত্তি সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা পত্র

16/4/79

1190 1020/-

Dipak Kumar Mukherjee
of 21/B/5 Jheel Road
P.S. Jadabpur Cal-31

[signature]

| | | |
|---|---|---|
| 1190 | = | 1020/- |
| 1191 | = | 50/- |
| 1192 | = | 20/- |
| 1193 | = | 1/- |
| 4 | = | 1711/- |

Presented for Registration at 1-10 A.M. or P. M. on the 17th day of April 1979 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Biplab Kumar Das one of the Executants or Claimant or attorney

[signature]

Sub-Registrar of Alipore
24-Parganas

Execution is admitted by

(1) Biplab Kumar Das
(2) Dipak Kumar Das
Son/Wife of Lt Mon mohan Chandra Das
of 94 Santoshpur Avenue
Thana Kasba
District Calcutta-700075
by Caste Hindu by Profession Business.

Identified by

Jiban Chakrabarty
Son/Wife of Ambika Charan Chakraborty 6 Lake East 2nd Road
Thana Cal-75
District
by Caste Hindu by Profession Bus.





[signature]

Sub-Registrar of Alipore
24-Parganas

x Jiban Chakrabarty

50 Rs.

पचास रुपया

भारत

INDIA

५०रू. 50RS

FIFTY RUPEES

২

মিদং কার্য্যঞ্চাগে ঃ –

জেলা ২৪ পরগনা, থানা যাদবপুর, বর্তমানে কসবা, সাবরেজেষ্টি আলিপুর, পরগণা খাসপুর, রে, সা, নং ১৪, জে এল নং ২৩, মৌজা রাজাপুর গ্রাম মধ্যে অত্র জিলা কালেকটারির ১০৯ নং তৌজী ভুক্ত বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার অধীন ডিঃ সেঃ ৩৪৭ নং খতিয়ানের নিষ্কর মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী স্বত্বের ৯৮১/৯৮৬ নং দাগের –৬২ শতক জমি ও ৯৮১/৯৮৯ নং দাগের –৬৪ শতক শালি জমি একুনে ১ –২৬ শতক জমি সহ ঐ খতিয়ানের মোট ১ –৪৩ শতক জমি রাজাপুর নিবাসী রামদাস মণ্ডলের ষোল আনা স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল । উক্ত জমি তিনি একক নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকা অবস্থায় উক্ত রামদাস মণ্ডল জীবিতাবস্থায় তাঁহার তিন পুত্র যথাক্রমে সুরেন্দ্র নাথ মণ্ডল, নরেন্দ্র নাথ মণ্ডল ও দেবেন্দ্র নাথ মণ্ডল মধ্যে অন্যতম পুত্র দেবেন্দ্রনাথ মণ্ডলকে ৯৮১/৯৮৬ নং দাগের –৬২ শতক ও ৯২৬ নং দাগের –১৭ শতক একুনে –৭৯ শতক জমির মধ্যে ১/৩ অংশের কমবেশ –২৬ শতক জমি বার্ষিক ১১/০ আনা বা ১ –৩১ পয়সা খাজনায় রায়তি স্বত্বে চিরস্থায়ী পত্তন

20 Rs.





৩

করেন । বক্রি ২/৩ অংশের জমি নিজ খাস দখলে রাখিয়া নিজ স্বত্ব দখল পরিচালনে ভোগ দখল করিতে থাকেন ।

অতঃপর ~উক্ত রাম দাস মণ্ডল তিন পুত্র উক্ত সুরেন্দ্র নাথ মণ্ডল, দেবেন্দ্র নাথ মণ্ডল ও নরেন্দ্র নাথ মণ্ডলকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া কোন উইলাদি না করিয়া পরলোক গমন করেন । অতঃপর উল্লিখিত ৯৮১/৯৮৬ নং দাগ ভুক্ত ৬২ শতক জমি ও ৯২৬নং দাগের ১৭ শতক জমির রামদাস মণ্ডল ত্যক্ত ২/৩ অংশে উক্ত সুরেন্দ্রনাথ মণ্ডল, দেবেন্দ্রনাথ মণ্ডল এবং নরেন্দ্রনাথ মণ্ডল পৈত্রিক ওয়ারিশ উত্তরাধিকারী সূত্রে সমতুল্যাংশে স্বত্ববান মালিক দখলিকার থাকেন এবং উক্ত জমির বক্রি ১/৩ অংশে পিতার নিকট হইতে পত্তন সূত্রে দেবেন্দ্রনাথ মণ্ডল একক নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকেন । তদনুযায়ী ৩৪৭নং খতিয়ান ভুক্ত ৯৮১/৯৮৬ নং দাগের ৬২ শতক জমি রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে ৩২৩ নং খতিয়ানে ২/৩ অংশে ~৪২ শতক উক্ত সুরেন্দ্রনাথ মণ্ডল, দেবেন্দ্রনাথ মণ্ডল ও নরেন্দ্রনাথ মণ্ডল নামে রেকর্ড হয় এবং ৯৮১/৯৮৬ নং দাগের জমি বক্রি ১/৩ অংশে রিভিসনাল সেটেলমেন্ট জরিপে ১০৩১ নং দাগের মধ্যে ~২০ শতক জমি ৫১৮নং খতিয়ানে দেবেন্দ্রনাথ মণ্ডলের একক নামে রায়তি দখলী স্বত্বে রেকর্ড ভুক্ত হয় । এমত প্রকারে উক্ত

1Re






সাবেক ৩৪৭নং খতিয়ান ভুক্ত ৯৮১/৯৮৬ নং দাগ ভুক্ত হাল ৩২৩ ও ৫১৮নং খতিয়ানে ১০৩১ দাগের -৬২ শতক শালি জমি উক্ত দেবেন্দ্রনাথ মণ্ডল, সুরেন্দ্র নাথ মণ্ডল ও নরেন্দ্র নাথ মণ্ডল নিজ নিজ অংশ মত ভোগ দখল করিতে থাকা অবস্থায় বিগত ইং ১০।৬।৫৯ তারিখে উক্ত নরেন্দ্রনাথ মণ্ডল তদীয় নিজংশে স্বত্ব দখলীয় অন্যান্য দাগ ভুক্ত জমি সহ ১০৩১ নং দাগ মধ্যে তাঁহার প্রাপ্ত ভূমি এক কেতা রেজেষ্টি কৃত কোবালা দলিল দ্বারা উপযুক্ত পণ মূল্যে জনৈক শ্রী যতীন্দ্র নাথ নস্করের নিকট বিক্রয় করতঃ উহা চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজেষ্টি অফিসের রেজেষ্টি কৃত ১নংবহির ৮৫ নং ভল্যুমের ১৯৮ হইতে ২০০ পাতায় লিপিবদ্ধ ১৯৫৯ সালের ৫৫৮২ নং সাফ কোবালা দলিল রূপে রেজেষ্ট্রী হয় এবং ইতিমধ্যে সুরেন্দ্রনাথ মণ্ডল একমাত্র পুত্র যতীন্দ্রনাথ মণ্ডলকে ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া কোন উইলাদি না করিয়া পরলোক গমন করায় তৎত্যক্ত সম্পত্তি যতীন্দ্রনাথ মণ্ডল প্রাপ্ত হইয়া খাসে ভোগ দখল করিতে থাকেন।

তৎপরে বিগত ইংরাজী ৭।৭।৬২ তারিখে সম্পাদিত ও রেজেষ্টি কৃত এক কেতা কোবালা দলিল দ্বারা উক্ত বা নিম্ন তপশীলবর্ণিত সাবেক ৩৪৭ হাল ৩২৩ নং খতিয়ান ভুক্ত সাবেক ৯৮১/৯৮৬ নং দাগ ভুক্ত হাল ১০৩১ দাগের জমি মধ্যে সুরেন্দ্র নাথ মণ্ডল ত্যক্ত সম্পত্তি তদীয় একমাত্র ওয়ারেশ পুত্র উক্ত শ্রী যতীন্দ্র নাথ মণ্ডলের নিকট হইতে জনৈক শ্রী যদু গোপাল গোস্বামী

নিজ অর্থে উপযুক্ত পন মূল্য প্রদানে তাঁহার বেনামদার জনৈক শ্রী বীরেন্দ্র নাথ চৌধুরীর নাম ব্যবহারে খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকেন । উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসের ১নংবহির ১০৮নং ভল্যুমের ৬৩ হইতে ৬৫নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৫৭৯৯নং সাফ কোবালা রূপে রেজেষ্ট্রি হয় ।

এবং বিগত ইং ১৪।৭।৬২ তারিখে অন্য জমি সহ উক্ত ১০৩১ দাগ ভুক্ত জমির মধ্যে দেবেন্দ্র নাথ মণ্ডলের ৩২৩ ও ৫১৮ নং খতিয়ান ভুক্ত স্বত্বাংশ উপযুক্ত পন মূল্যে উক্ত যদু গোপাল গোস্বামী তাঁহার বেনামদার উক্ত বীরেন্দ্রনাথ রায় চৌধুরী মহাশয়ের নাম ব্যবহারে তাঁহার নিজ অর্থে ও স্বার্থে এক কেতা রেজেষ্ট্রি কৃত সাফ কোবালা দলিল দ্বারা শ্রী দেবেন্দ্র নাথ মণ্ডলের নিকট হইতে খরিদ করতঃ খাসে ভোগ দখল করিতে থাকেন । উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসের রেজেষ্ট্রি কৃত ১নং বহির ১০৭নং ভল্যুমের ১১০ হইতে ১১৫ নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৬০৪১নং সাফ কোবালা দলিল মূলে — রেজেষ্ট্রি হয় ।

এবং বিগত ইং ২৩।৭।৬২ তারিখে উক্ত ১০৩১নং দাগ ভুক্ত জমি মধ্যে উল্লিখিত — শ্রী যতীন্দ্রনাথ নস্করের খরিদা স্বত্বাংশের জমি উক্ত যদু গোপাল গোস্বামী মহাশয় নিজ অর্থে ও স্বার্থে উপযুক্ত পণ মূল্য প্রদানে উক্ত শ্রী যতীন্দ্রনাথ নস্করের নিকট হইতে এক কেতা কোবালা দলিল দ্বারা তদীয় বেনামদার উক্ত শ্রী বীরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের নাম ব্যবহারে খরিদ করতঃ খাসে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকেন । উক্ত কোবালা মোকাম আলিপুর সাবরেজেষ্ট্রি অফিসের রেজেষ্ট্রি কৃত ১নংবহির ১১৫নং ভল্যুমের ১৪৮ হইতে ১৫২ নং পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৬৩১৩ নং কোবালা রূপে রেজেষ্ট্রি হইয়াছে ।

এমত প্রকারে উক্ত যদু গোপাল গোস্বামী উপরোক্ত তিন খানি কোবালা দলিল দ্বারা উক্ত রাজাপুর মৌজার অন্য জমি সমেত হাল ৩২৩ ও ৫১৮ নং খতিয়ান ভুক্ত ১০৩১ নং দাগের সমুদয় –৬২ শতক জমি উক্ত শ্রী বীরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের নাম ব্যবহারে নিজ অর্থে ও স্বার্থে উপরোক্ত দেবেন্দ্রনাথ মণ্ডল, যতীন্দ্রনাথ মণ্ডল ও যতীন্দ্র নাথ নস্করের নিকট

নিকট হইতে খরিদ করতঃ ষোলআনা জমিতে খাসে চাষাবাদ দ্বারা নির্ব্যূঢ় স্বত্বে সার্বভৌ অধিকারে ভোগ দখল করিতে থাকেন। পরে যদু গোপাল গোস্বামী নিজ খরিদা স্বত্ব স্বার্থ ও দখল শুদ্ধ ও দৃঢ় করনার্থে উক্ত বীরেন্দ্রনাথ চৌধুরী মহাশয়ের দ্বারা তাঁহার অনুকূলে বিগত ইং ৯।৮।৬২ তারিখে এক কেতা রেজেস্ট্রি কৃত নাদাবী মুক্তিপত্র দলিল উক্ত সম্পত্তি সম্পর্কে সম্পাদন ও রেজেস্ট্রি করাইয়া লয়েন। উক্ত দলিল আলিপুর সাবরেজেস্ট্রি অপিসের ১নংবহির ১৩৩নং ভল্যুমের ১৫ হইতে ১৯ পাতায় লিপিবদ্ধ ১৯৬২ সালের ৬৯৪৯ নং নাদাবী বা ডিড অব রিলিজ রূপে বীরেন্দ্র নাথ চৌধুরী কর্তৃক যদু গোপাল গোস্বামী অনুকূলে – সম্পাদিত ও রেজেস্ট্রি হয় এবং উক্ত জমির দরুন যদু গোপাল গোস্বামী নিজ নাম পশ্চিম বঙ্গ রাজ্য সরকারেরপ্রতিনিধি জে ,এল, আর, ও মহাশয়ের সেরেস্তায় পত্তন ক্রমে করাদি আদায়ে নিজনামে দাখিলা গ্রহণ করিতে থাকেন।

এমত প্রকারে উক্ত যদু গোপাল গোস্বামী উক্ত জমি খরিদ সুত্রে নিজ স্বত্ব দখল পরিচালনে নির্ব্যূঢ় স্বত্বেঅন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবৎ সার্ব্বভৌম অধিকারে ভোগদখল করিতে থাকেন। অতঃপর আমরা অত্র কোবালা দাতাদ্বয় বিগত ইং ২৭।৭।৭৭ তারিখে এক কেতা কোবালা দলিল দ্বারা উক্ত যদু গোপাল গোস্বামীর নিকট হইতে উপযুক্ত পণ মূল্য প্রদানে উক্ত রাজাপুর মৌজায় সাবেক ৩৪৭নং হাল ৩২৩ নং ও ৫১৮ নং খতিয়ান ভুক্ত হাল ১০৩১ নং দাগের –৬২ শতক শালি জমি খরিদ করতঃ খাসে স্বত্ববান মালিকদখলিকার থাকি। অতঃপর উক্ত জমি মধ্যে ইতিপূর্ব্বে অধিকাংশ জমি নগদ টাকার আবশ্যক হেতু বিভিন্ন ব্যক্তির নিকট বিক্রয় করিবার নিমিত্ত আমরা বর্তমান প্রচলিত – আর্‌ব্যান ল্যাণ্ড সিলিং এণ্ড রেগুলেশান আইনের বিধানমত উপযুক্ত কমপিটেনন্ট অথরিটির নিকট বিক্রয়ের অনুমতির জন্য বিগত ইং ৪।৬।৭৭ তারিখে দরখাস্ত করিয়া তদনুযায়ী বিগত ইং ৪।৮।৭৭ তারিখে কমপিটেন্ট অথরিটি মহাশয়ের নিকট হইতে বিক্রয়ের অনুমতি প্রাপ্ত হইয়া উক্ত ৬২ শতক শালি জমি হইতে ইতিপূর্ব্বে উক্ত পারমিশান মূলে আমরা বিভিন্ন ব্যক্তির নিকট অধিকাংশ জমি বিক্রয় করা বাদে কমবেশ ৫ পাঁচ কাঠা ১২ বার ছটাক শালি জমি বর্তমানে আমাদের খাস দখলেআছে।

বর্ত্তমানে নানা কারণে আমাদের নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের উক্ত খাস দখলীয় ৫ পাঁচ কাঠা ১২ বার ছটাক শালি জমির মধ্যে স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ১৪ ছটাক. শালি - জমি নির্দায় নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা উক্ত জমি বর্তমান বাজারোচিত সর্বোচচ মূল্য বেলমোক্তা ৪০০০ ্চার হাজার টাকা মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্য পণ মূল্যের মং ৪০০০ ্চার হাজার টাকা পন বাহায় নগদ গ্রহণে অত্র সাফবিক্রয় কোবালা মূলে উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত জমি আপনার নিকট বিক্রয় করতঃ চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনাকে খাস দখল দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত ভূম্যাদিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালিকান সরকারে আমাদের নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন ক্রমে করাদি আদায় পূর্বক দান, বিক্রয় , বিলি পত্তনাদি সর্বব প্রকার হস্তান্তর অবস্থান্তর ও রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছা মত ব্যবহারে আমাদের তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গন এ মে পরম সুখে নির্ব্যুঢ় স্বত্বে সার্ববভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন, বিক্রীত ভূম্যাদিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব , লভ্য দখল ইত্যাদি ছিল বা আছে, তাহা অদ্য হইতেচিরতরে রদ রহিদ, বিলুপ্ত ও ধ্বংস হইয়া আপনার প্রতি নির্ব্যুঢ় স্বত্বে বর্তিল বা অর্শিল । কালে কস্মিনে আমরা কিংবা আমাদের ওয়ারেশন স্থলাভিষিক্ত গণক্রমে কেহ অত্রবিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবীদাওয়া ওজরাপত্তি করিতে পারিব না ও পারিবেকনা, করিলেও তাহা সর্বব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রিত জমি আমরা ইতিপূর্বে অন্য কাহারওনিকট কোন প্রকার দান, বিক্রয় বিলি পত্তনাদির দ্বারা হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিম্বা দায়াবদ্ধ করি নাই, বিক্রিত সম্পত্তিতে অন্য কোন স্বরিক অংশীদার দাবীদার নাই, বিক্রিত জমির উপর অন্য কাহারও কোন প্রকার চার্জ্জ বা ক্লেম নাই, অথবা বিক্রীত ভূমি বাকী করের দায়ে বা অন্য কোন কারণে আদালত কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই , অথবা এতদসম্পর্কে কোন মামলা মোকদদমা চলিত নাই । বিক্রীত জমি গভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী

কর্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান করা হয় নাই, অথবা বিক্রিত জমি পশ্চিম বঙ্গ রাজ্য সরকারে সর্বশেষ ভূমি নীতি অনুসারে কোন প্রকারের ভেসেটেড হয়নাই বা ইহা কোন এ্যালাইনমেন্টেরঅনুভুক্ত নহে। বিক্রীত জমি দেবোত্তর বা ট্রাস্ট ভুক্ত সম্পত্তি নহে। বিক্রীত জমি ব্যাঙ্কের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ বা কোন কারণে আদালত কর্তৃক ক্রোকাবদ্ধ নাই। সম্পূর্ণ নির্দায়, নির্দোষ মুক্ত অবস্থায় আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা কালীন আপনার নিকট বিক্রয় করিলাম।

ভবিষ্যতেআমাদের উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমাদের শঠতা, তঞ্চকতা প্রকাশিত হইয়া বা আমাদের স্বত্বদখলের ন্যুনতা হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলে কোন প্রকার ক্ষতি হইলে আমরা তজ্জন্য সম্পূর্ণ দায়ী ও দণ্ডনীয় হইব এবং আইনত ক্ষতি পূরণসহ পণ মূল্যের সমুদয় টাকা এক কালীন ফেরত দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

বিক্রীত সম্পত্তি সম্পর্কীয় দলিল পত্র কাগজাদিতে আমাদের অন্যান্য সম্পত্তি জড়িত থাকায় অত্র দলিল পোষকে উহা আপনাকে দিতে পারিলাম না , তবে আপনার আবশ্যক মতে উহা যে কোন অফিস আদালতে দর্শাইতে বা দাখিল করিতে বাধ্য ও সম্মত রহিলাম। এতদ্ব্যতীত বিক্রীত ভূমি সম্পর্কে ভবিষ্যতে আমাদের কোন সাহায্য সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে তাহা বেওজর আপনার অনুকূলে যে কোন অফিস আদালতে উপস্থিত হইয়া দিতে বাধ্য ও সম্মত রহিলাম।অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকার দরুণ ভবিষ্যতে অত্র দলিল পোষকে কোন সংশোধনী দলিল বা কোন সাপলিমেনটারি দলিল করিয়া দিবার প্রয়োজন হইলে তাহাও বেওজর বিনা পণে আপনার অনুকূলে সম্পাদন ও রেজেস্ট্রি করিয়া দিতে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র সহ সংযোজিত নকসায় প্রদর্শিত কমন প্যাসেজের উপর দিয়া আপনি আমাদের সহলাভিষিক্ত স্বরূপে নিজ ওয়ারেশ উত্তরাধিকারী গন ক্রমে অবাধ যাতায়াত করিতে ও ইজমেনট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন এবংনিজ খরিদা জমিতে ইলেকট্রিক,ট্যাপ ওয়াটার ও টেলিফোন কানেকসন আনয়ন করিতে পারিবেন।

এতদর্থে স্বেচ্ছায় স্বজ্ঞানে সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণ মূল্যের সমূদয় টাকা নগদ বুঝিয়া পাইয়াঅত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইং সন ১৯৭৯ সালের বাংলা ১৩৮৬ সালের ৩রা বৈশাখ , ইংরাজি ১৭।৪।৭৯

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় —

জেলা ২৪ পরগনা, থানা সদর টালিগঞ্জ বর্তমানে কসবা, সাবরেজেষ্ট্রি আলিপুর পরগনা খাসপুর, রে, সা, নং ১৪, জে, এল, নং ২৩, মৌজা রাজাপুর গ্রাম মধ্যে অত্র জেলা কালেকটারির ১০৯নং তৌজী ভূক্ত বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীন ডিঃ সেঃ ৩৪৭নং খতিয়ান ভূক্ত হাল ৩২৩ নং খতিয়ান নিস্কর রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট জমি জমা মধ্যে নিজ খরিদা সাবেক ৯৮১/৯৮৬ নং দাগ ভূক্ত হাল ১০৩১ নং দাগের মধ্যে ৪২ শতক শালি জমি এবং হাল ৫১৮ নং খতিয়ানে বার্ষিক ১ —৩১ পয়সা খাজনায় জমি জমার মধ্যে সাবেক ৯৮১/৯৮৬ হাল ১০৩১ নং দাগে —২০ কুড়ি শতক শালি জমি জমা যাহার হারাহারি খাজনা বার্ষিক ১্টাকা হইতেছে তাহা অর্থাৎ সাবেক ৩৪৭নং খতিয়ান ভূক্ত ৯৮১/৯৮৬ নং দাগে হাল ৩২৩ ও ৫১৮নং খতিয়ান ভূক্ত ১০৩১নং দাগে মোট —৬২ শতক শালিজমি যাহা বর্তমানে সরজমিনে পরিমাপে কমবেশ ১৷২।।০ এক বিঘা সাড়ে সতের কাঠা হইতেছে তনমধ্যে অত্র সহ দাখিলী নকসায় লাল রং দ্বারা চিহ্নিত স্থানীয় পরিমাপে কমবেশ ২দুই কাঠা ১৪ চৌদ্দ ছটাক - শালি জমি মায় যাবতীয় আকরআওলাতাদি — ও ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত্র হক হকুক অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। উহার — হারাহারি খাজনা বার্ষিক ০৫ পয়সামাত্র।

উহার চৌহদ্দিদ

উত্তর ঃ — ৬৯১নং দাগের জমি ।

দক্ষিন ঃ — ১০৩১নং দাগের জমি ।

পূর্ব্ব —ঃ — ৯৮৬নং দাগের জমি ।

পশ্চিম — চৌধুরীদের জমি ।

বিক্রীত জমি অত্র সহ দাখিলী নকসায় লাল রংয়ের রেখা দ্বারা সীমা নির্দ্ধারিত করতঃ বিশেষ ভাবে প্রদর্শিত হইল।

টাকার জায়

অদ্য তারিখে ১০০্ শত টাকার নোট ৪০ কেতায় — — ৪০০০্ টাকা

মং চার হাজার টাকা মাত্র।

ইসাদি

Jibon Chakraborty
6 No Lakeast 2 Road
Cal-75-

Atul Krishna Majumdar
Alipore.

টাইপ কারক
S. Majumdar
শ্রী সুকুমার মজুমদার
আলিপুর জজ কোর্ট ।

Book No. I
Volume no. 40
Pages 89 to 97
Being No. 1550
for the year 19 79

N. - 2·40


Sub-Registrar of Alipore
24-Parganas

Sub-Registrar of Alipore
24-Parganas
17.11.79.

ORIGINAL

# SITE PLAN
OF
PORTION OF C.S. PLOT-986 (R.S. PLOT 1031)
MOUJA RAJAPUR, J.L NO. 23
P.S. KASBA, DT. 24 PARGANAS
SCALE - 50' = 1"

SOLD AREA SHOWN IN RED COLOUR = 2 KATTAH-14 CHATTAK




DRAWN BY
K. BOSE 14.4.77

[redacted]

Plan Regd.

Book No. I

Volume 40

93.

1550

79

Sub-Registrar of Alipore
24-Parganas

Regd.

Book No. I

Volume no. 40

Pages 89 to 97

Being No. 1550

For the year 1979

N. - 2·40

Sub-Registrar of Alipore
24-Parganas

17.11.79.